শিশু জিজ্ঞাসা
দক্ষিনারঞ্জন বসু

শিশু জিজ্ঞাসা

দক্ষিণারঞ্জন বসু

রঞ্জন প্রকাশন • শৈব্যা প্রকাশালয়
৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা-৭৩

প্রকাশক ঃ

শ্রী দেবাশীষ বল
রঞ্জন প্রকাশন,
৮/১ এ শ্যামাচরণ দে স্ট্রীট,
কলিকাতা-৭৩

প্রথম প্রকাশ ঃ

ডিসেম্বর, ১৯৮৭

মূল্য ঃ ১০'০০

প্রচ্ছদ ঃ

সত্য চক্রবর্তী

অলঙ্করণ ঃ

দীপঙ্কর বন্দ্যোপাধ্যায় ও বিদ্যা অশোক

মুদ্রাকরঃ

শ্রীসত্যনারায়ণ মণ্ডল
রামকৃষ্ণ সারদা প্রিন্টার্স,
৩৪, শ্যামপুকুর স্ট্রীট,
কলিকাতা-৪

সূচীপত্র

প্রাথমিক জ্ঞান

গুরুজনদের গায়ে পা লাগলে কি করতে হয় ?

পায়ে হাত দিয়ে প্রণাম করতে হয়।

রাস্তা দিয়ে চলার সময় কোন্ পাশে হাঁটতে হয় ?

রাস্তা দিয়ে হাঁটার সময় সর্বদা বাম পাশ দিয়ে হাঁটতে হয়।

মুখে হাত দিতে নেই কেন ?

হাতে নানা রকমের ময়লা থাকে। তাই হাত না ধুয়ে মুখে হাত দিতে নেই।

পথের মাঝে কাঁটা বা ভাঙ্গা ইট পরে থাকলে কি করবে ?

নিজে তুলে নিয়ে পথের পাশে নর্দমায় ফেলে দেবে।

কেউ কোন কথা জিজ্ঞাসা করলে কি করতে হয় ?

আগে তার কথা মন দিয়ে শুনতে হয়, তারপর শান্ত ভাবে উত্তর দিতে হয়।

গুরুজনদের কথা বলার সময় কি করতে হয় ?

চুপ করে ধীর ভাবে তাঁদের কথাগুলো শুনতে হয়।

রাস্তায় কলা বা আমের খোসা ফেলতে নেই কেন ?

রাস্তায় হাঁটার সময় যে কোন লোক পা পিছলে পড়ে যেতে পারে।

শিক্ষক মহাশয় শ্রেণীতে আসলে কি করতে হবে ?

একসঙ্গে সবাই উঠে দাঁড়াবে। এই প্রথায় শিক্ষক মহাশয়কে সম্মান দেখানো হয়।

সহপাঠিদের সঙ্গে কি রকম ব্যবহার করবে ?

হাসিমুখে তাদের সঙ্গে ভালো ব্যবহার করবে।

বিদ্যালয়ে ছুটি হলে কি করবে ?

বিদ্যালয় ছুটি হলে শান্ত ভাবে লাইন করে বেরিয়ে আসবে।

পরিষ্কার জামা কাপড় পড়তে হয় কেন ?

শরীর ও মন তাতে খুব প্রফুল্ল থাকে।

প্রতিদিনই স্নান করতে হয় কেন ?

প্রতিাদনই স্নান করা উচিৎ। স্নান করলে গায়ের উপরের যত ধূলো-বালি, ময়লা জলে ধুয়ে যায়। শরীর পরিষ্কার থাকে। দেহ ঠাণ্ডা থাকে।

পথে কোন অন্ধ দেখলে কি করা উচিত ?

তার হাত ধরে আস্তে আস্তে পথ পার করে দেওয়া উচিত। নতুবা সে পার হতে গেলে গাড়ী চাপা পড়তে পারে।

প্রত্যহ কখন খেলাধুলা করা উচিত ?

প্রত্যহ বিকেলবেলা খেলাধূলা করা উচিত।

নিজের বুদ্ধিতে কর

১। তুমি ভোরে ঘুমের থেকে উঠে পরপর কি কি করবে লেখ।

২। পথে দৌড়ালে কি কি হতে পারে লেখ।

৩। বিদ্যালয়ে আসার পর কি কি নিয়ম মেনে চলা উচিত ?

৪। ভালো ছেলে বা মেয়ে হতে হলে সকলের সঙ্গে কি রকম ব্যবহার করতে হবে ?

পারিবারীক সম্পর্ক

বাবার বাবাকে কি বলে ?

বাবার বাবাকে ঠাকুরদা বা দাদু বলে।

মা'র বাবাকে কি বলে ?

মা'র বাবাকে দাদু বলে।

বাবার মাকে কি বলে ?

বাবার মাকে ঠাকুরমা বলে।

মা'র মাকে কি বলে ?

মা'র মাকে দিদিমা বলে।

বাবার বড় ভাইকে কি বলে ?

বাবার বড় ভাইকে জ্যেঠামশাই বলে।

বাবার ছোট ভাইকে কি বলে ?

বাবার ছোট ভাইকে কাকা বলে।

বাবার বোনকে কি বলে ?

পিসিমা বলে।

মায়ের বোনকে কি বলে ?

মাসীমা বলে।

মায়ের ভাইকে কি বলে ?

মামা বলে ।

কাকার স্ত্রীকে কি বলে ?

কাকীমা বলে ।

তোমার বড় ভাইকে কি বলবে ?

দাদা বলবে ।

তোমার বড় বোনকে কি বলে ?

দিদি বলে ।

দাদার স্ত্রীকে কি বলে ?

বৌদি বলে ।

দাদার ছেলেকে কি বলে ?

ভাইপো বলে ।

দিদির ছেলেকে কি বলে ?

ভাগ্নে বলে ।

দিদির মেয়েকে কি বলে ?

ভাগ্নি বলে ।

নিজের বুদ্ধিতে কর

১। ভাগ্না ও ভাগ্নি কে হয় ? ______________________

২। কাকীমা কার স্ত্রী হন ? ______________________

৩। কাকে আমরা বৌদি ডাকি ? ______________________

৪। কে আমাদের খুড়তুতো ভাই হয় ? ______________________

৫। কে আমার ভাই হবে ? ______________________

কাকে কি বলে

যারা বিদ্যালয়ে পড়াশোনা করে তাদের কি বলে ?

তাদের ছাত্র-ছাত্রী বলে।

যাঁরা বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া শেখান, তাদের কি বলে ?

তাঁদের শিক্ষক বা শিক্ষিকা বলা হয়।

যিনি গান করেন তাঁকে কি বলা হয় ?

যিনি গান করেন, তাঁকে গায়ক বা গায়িকা বলা হয়।

অসুখ করলে যিনি আমাদের চিকিৎসা করেন, তাঁকে কি বলে ?

তাঁকে ডাক্তার বলে।

ছবি দেখে কার কি পরিচয় তলায় লেখ ঃ

যারা কলেজে শিক্ষকতা করেন তাদের কি বলা হয় ?

তাঁদের অধ্যাপক বা অধ্যাপিকা বলে।

যারা চোখে দেখতে পায় না তাদের কি বলা হয় ?

তাদের সকলকে অন্ধ বলা হয়।

মাথার জিনিস নিয়ে যারা হেকে হেঁকে ঘুরে ঘুরে বিক্রী করে তাদের কি বলে ?

তাদের সকলকে ফেরিওয়ালা বলে।

মাঠে মাঠে যারা গরু, ছাগল, ভেড়া চড়ায় তাদের কি বলে ?

তাদের রাখাল বলে। দূর গ্রামে এখনও রাখালের চল্ আছে।

সামাজিক অন্যায় করলে যিনি বিচার করেন, তাঁকে কি বলে ?

তাঁকে বিচারক বলে।

যারা চোর ডাকাত ধরে এবং শান্তি বজায় রাখে, তাদের কি বলা হয় ?

তাদের পুলিশ বলা হয়।

যিনি গল্প লেখেন তাঁকে কি বলেন ?

যিনি গল্প লেখেন তাঁকে সাহিত্যিক বা লেখক বা লেখিকা বলা হয়।

যিনি কবিতা লেখেন তাঁকে কি বলে ?

যিনি কবিতা লেখেন তাকে কবি বলা হয়।

যে খেলে তাকে কি বলা হয় ?

যে খেলে তাকে খেলোয়াড় বলা হয়।

ছবি দেখে কার কি পরিচয় তলায় লেখ ঃ

নিজের বুদ্ধিতে কর

১। যারা আমাদের দুধ যোগান, তাঁদের কি বলে ? ____________

২। যারা কানে শোনেনা, তাদের কি বলে ? ____________

৩। যারা কথা বলতে পারে না, তাদের কি বলে ? ____________

৪। যে বাড়ী পাহাড়া দেয়, তাকে কি বলে ? ____________

আমাদের দেহে মোট কয়টি হাড় আছে ?

আমাদের দেহে মোট ২০৬টি হাড় আছে।

খাদ্য দেহের মধ্যে কোথায় গিয়ে জমা হয় ?

দেহের মধ্যে পাকস্থলীতে খাদ্য গিয়ে জমা হয়।

সারা দেহে কে রক্ত সঞ্চালন করে ?

সারা দেহে হৃদপিণ্ড রক্ত সঞ্চালন করে থাকে।

শ্বাসকার্য চালায় কে ?

ফুসফুস দেহের শ্বাসকার্য চালায়।

মিনিটে শ্বাসকার্য কতবার হয় ?

মিনিটে শ্বাসকার্য ১৮ বার হয়ে থাকে।

মিনিটে হৃদস্পন্দন কতবার হয় ?

মিনিটে হৃদস্পন্দন ৭২ বার হয়ে থাকে।

রক্তের রং লাল কেন ?

রক্তের মধ্যে লোহিত কণিকা বেশী আছে বলে রক্তের রং লাল।

সুস্থ ও পূর্ণ বয়স্ক মানুষের দেহে কত রক্ত থাকে ?

প্রায় ৪-৫ লিটার রক্ত থাকে।

মানব দেহে লোম কূপের সংখ্যা কত ?

প্রায় ২ লক্ষের বেশী লোমকূপ থাকে।

আমরা বাতাস থেকে কোন্ গ্যাস নিই?

আমরা বাতাস থেকে অক্সিজেন নেই।

আমাদের দাঁত কি দিয়ে গঠিত?

আমাদের দাঁত চূণ জাতীয় পদার্থ দিয়ে গঠিত।

নখ, চুল কাটলে লাগে না কেন?

স্নায়ু নেই বলে।

স্বাস্থ্য রক্ষার সহজ উপায় কি?

নিয়মিত স্নান করা, দাঁত মাজা, নখ কাটা, চুল কাটা, চুল আঁচড়ানো, পোশাক-পরিচ্ছদ পরিষ্কার রাখা, খোলা ও বিশুদ্ধ বাতাসে ভ্রমণ করা, নিয়মিত ব্যায়াম করা ইত্যাদি।

স্বাস্থ্য রক্ষা করা কাকে বলে?

শরীর সুস্থ রাখার চেষ্টাকে স্বাস্থ্য রক্ষা করা বলে।

১। শরীর পরিষ্কার রাখার সহজ উপায় কি? ______________________

২। দেহের শক্ত কোথায় বিশুদ্ধ হয়? ______________________

৩। রক্তের রং লাল কেন? ______________________

কোন্ জন্তু সবচেয়ে বেশী খায় ?

হাতী। হাতী দৈনিক প্রায় সাড়ে তিন মণ খায়।

কোন্ জন্তুর চামড়া বেশী শক্ত ?

গণ্ডারের চামড়া।

কোন্ প্রাণী দাঁড়িয়ে ঘুমায় ?

ঘোড়া দাঁড়িয়ে ঘুমায়।

কোন্ প্রাণীকে মরুভূমির জাহাজ বলে ?

উটকে মরুভূমির জাহাজ বলে।

সর্বাপেক্ষা বেশীদিন বাঁচে কোন্ প্রাণী ?

কচ্ছপ, প্রায় ৩৫০ বৎসর বাঁচে।

সর্বাপেক্ষা ছোট পাখি কি ও কোথায় দেখা যায় ?

ইকুয়েডর দেশে হামিংবার্ড।

কোথায় বেশী সিংহ পাওয়া যায় ?

আফ্রিকার জঙ্গলে সিংহ বেশী পাওয়া যায়।

কোন বাঘ আকারে সর্বাপেক্ষা বড় ?

সুন্দরবনের "রয়েল বেঙ্গল টাইগার।"

কোন প্রাণী পেটের থলেতে বাচ্চা রাখে ?

ক্যাঙ্গারু।

সিংহ বাঘ ক্যাঙ্গারু

সর্বাপেক্ষা দ্রুতগামী স্থল প্রাণী কে ?

চিতাবাঘ।

চোখের পাতা নেই কোন্ প্রাণীর ?

মাছের।

মাছ

বাদুড়

মুখ দিয়ে কোন্ প্রাণী মলত্যাগ করে ?

বাদুড়।

কোন জলচর প্রাণীর ডিম না হয়ে বাচ্চা হয়?

তিমির।

কোন্ পাখি উড়তে পারে না?

দক্ষিণ মেরুর পেঙ্গুইন পাখি।

কোন্ পাখি সবচেয়ে উপরে উড়তে পারে?

ঈগল।

কোন্ পাখি অন্য পাখির বাসায় ডিম পারে?

কোকিল।

কোন পাখিকে বসন্তের দূত বলা হয়?

কোকিলকে।

সবচেয়ে বড় বা উঁচু পাখি কি?

উটপাখি।

কোকিল উটপাখি পেঁচা পেঙ্গুইন

সর্বাপেক্ষা বিষাক্ত সাপ কি?

কেউটে। মিশরের ক্ষুদ্রাকার অ্যাস্প।

সর্বাপেক্ষা বড় সাপ কি ?

পাইথন। ৩০ ফুটের মত লম্বা হয়।

কোন প্রাণী মুখে শব্দ করতে পারে না ?

জিরাফ।

সর্বাপেক্ষা উচু প্রাণীর নাম কি ?

জিরাফ।

নিজের বুদ্ধিতে কর

১। হাঙ্গর কি ? ____________________

২। হরিণ কি ধরনের প্রাণী ? ____________________

৩। কুমীর কোথায় বাস করে ? ____________________

৪। গরু কি খেতে ভালবাসে ? ____________________

৫। কোন পশু আকারে ও ওজনে বড় ? ____________________

৬। তিমি কি জাতীয় প্রাণী ? ____________________

জানা অজানার নানা দিক

কোন ফল কাঁচায় ও পাকায় টক ?

তেঁতুল।

দুটি তৃণভোজী পশুর নাম লেখ ?

গরু, ছাগল এরা তৃণ ভোজী প্রাণী।

গরু

ছাগল

দুটি নীরস ফলের নাম লেখ।

নারিকেল ও গম।

কলকাতার রাস্তায় বিদ্যুতের সাহায্যে যে গাড়ী চলে তার নাম কি ?

ট্রাম। ট্রাম বিদ্যুতের সাহায্যে চলে।

যাদুঘরে কি আছে ?

মরা জীব জন্তু, নানা ধরনের প্রাণী সংগ্রহ করা আছে।

পাতাল রেল কাকে বলে ?

মাটির নীচ দিয়ে যে রেল চলে তাকে পাতাল রেল বলে।

দুটি মাংসাশী পশুর নাম লেখ।

বাঘ, সিংহ এরা মাংসাশী পশু।

বাঘ

সিংহ

মরুভূমির জাহাজ কাকে বলা হয়?

উটকে মরুভূমির জাহাজ বলা হয়।

সাগর ও মহাসাগরের মধ্যে বড় কি?

মহাসাগর বড়।

দেশ ও মহাদেশের মধ্যে বড় কি?

মহাদেশ বড়।

পৃথিবীর আকার কেমন?

পৃথিবীর আকার গোলাকার কমলালেবুর মত। এর উত্তর-দক্ষিণ একটু চাপা।

কোন মুনি প্রথম জীবনে দস্যু ছিলেন?

বাল্মীকি মুনি। তখন তাঁর নাম ছিল দস্যু রত্নাকর।

লাইনের উপর দিয়ে কোন কোন গাড়ী যায়?

রেলগাড়ী আর ট্রামগাড়ী।

ভারতের বৃহত্তম চিড়িয়াখানার নাম কি ?

আলিপুরের চিড়িয়াখানা।

আমাদের দেশের বিখ্যাত কবির নাম কি ?

রবীন্দ্রনাথ ঠাকুর।

রোগ হলে কি খেলে রোগ সারে ?

ঔষধ খেলে রোগ সারে।

টেলিভিশনের বাংলা নাম কি ?

দূরদর্শন।

'রেডিও'-এর বাংলা নাম কি ?

বেতার।

কোন পাখি খুব উঁচুতে উড়তে পারে ?

শকুন।

১। গন্ধ নেই এমন দুটি ফুলের নাম লেখ। ____________ ____________

২। গন্ধ আছে এমন দুটি ফুলের নাম লেখ। ____________ ____________

৩। দুটি সংবাদপত্রের নাম লেখ। ____________ ____________

৪। রোদে দাঁড়ালে ছায়া কখন ছোট হয় ? ____________

প্রতিটি প্রশ্নের ৩টি করে উত্তর দেওয়া আছে। ঠিক উত্তরটি বের কর :

সবচেয়ে গোলাকার কি বস্তু? (পৃথিবী, কমলালেবু, বল)

বল সবচেয়ে গোলাকার।

সবচেয়ে ক্ষতিকর কোন্ প্রাণী? (মাছি, মশা, আরশোলা)

মাছি সবচেয়ে ক্ষতিকর প্রাণী।

সবচেয়ে বেশী জল কোথায় আছে? (নদীতে, পুকুরে, সমুদ্রে)

সমুদ্রে সবচেয়ে বেশী জল থাকে, ভীষণ গভীর আর বিশাল চওড়া।

সবচেয়ে দামী ধাতু কি? (কাঁসা, রূপা, সোনা)

সোনা সবচেয়ে দামী ধাতু।

সবচেয়ে উপকারী জন্তু কে ? (গরু, ঘোড়া, কুকুর)

গরু সবচেয়ে উপকারী জন্তু ।

সবচেয়ে টক ফল কি ? (তেঁতুল, আমড়া, আঙ্গুর)

তেঁতুল ফলেদের মধ্যে সবচেয়ে টক ।

সবচেয়ে সাদা কি জিনিস ? (দুধ, বরফ, কাগজ)

দুধ সবচেয়ে সাদা ।

শিক্ষার জন্য সবচেয়ে দরকারী কি ? (কাগজ, কলম, কালি)

কাগজ সবচেয়ে দরকারী ।

বেঁচে থাকার জন্য সবচেয়ে দরকারী কি ? (বস্ত্র, গৃহ, খাদ্য)

খাদ্য সবচেয়ে দরকারী ।

সবচেয়ে হিংস্র প্রাণী কে? (হাতী, শৃগাল, বাঘ)

বাঘ হচ্ছে সবচেয়ে হিংস্র প্রাণী।

সবচেয়ে চতুর প্রাণী কে? (হরিণ, শৃগাল, ভল্লুক)

শৃগাল হচ্ছে পশুদের মধ্যে সবচেয়ে চতুর।

সবচেয়ে ধীরে চলে কে? (কচ্ছপ, ক্যাঙারু, ব্যাঙ)

কচ্ছপ সবচেয়ে ধীরে চলে।

বিদ্যাসাগর কার উপাধী ছিল? (রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, ঈশ্বরচন্দ্র)

ঈশ্বরচন্দ্রের উপাধী ছিল।

সবচেয়ে প্রয়োজনীয় পানীয় কি? (জল, দুধ, চা)

জল আমাদের সবচেয়ে প্রয়োজন। এ জন্য জলের আর এক নাম জীবন।

নিজের বুদ্ধিতে কর

১। সবচেয়ে শান্ত প্রাণী কে ? (গরু, কুকুর, সিংহ) ______

২। সবচেয়ে ধূর্ত পাখি কে ? (কাক, চিল, বক) ______

৩। সবচেয়ে বিশ্বস্ত প্রাণী কে ? (কুকুর, ছাগল, ঘোড়া) ______

৪। সবচেয়ে উঁচু পর্বতচূড়া কোনটি ? (এভারেস্ট, কাঞ্চনজঙ্ঘা) ______

৫। সবচেয়ে উপাদেয় মাছ কোনটা ? (কই, পোনা, ইলিশ) ______

৬। সবচেয়ে দ্রুতগামী যান কোনটা ? (জাহাজ, রেলগাড়ী, এরোপ্লেন)

______

৭। সবচেয়ে ঝাল কোন্ ফল ? (লঙ্কা, তেঁতুল, করলা) ______

তুলনামূলক সম্পর্ক

সত্যের সঙ্গে মিথ্যার যে সম্পর্ক, পুণ্যের সঙ্গে তেমন কার সম্পর্ক ?
পাপের ।

হাতীর সঙ্গে মাহুতের যেমন সম্পর্ক, ঘোড়ার সঙ্গে তেমন কার সম্পর্ক ?
সারথির ।

মানুষের মাথায় যেমন চুল থাকে, সিংহের ঘাড়ে তেমন কি থাকে ?
কেশর ।

কুমোরের সঙ্গে যেমন মাটির সম্পর্ক, তাঁতীর সঙ্গে তেমন কিসের সম্পর্ক ?
সুতোর ।

মায়ের সঙ্গে ছেলের যেমন সম্পর্ক, গরুর সঙ্গে তেমন কার সম্পর্ক ?

বাছুরের।

গোয়ালার সঙ্গে যেমন দুধের সম্পর্ক, জেলের সঙ্গে তেমন কিসের সম্পর্ক ?

মাছের।

গুরুর সঙ্গে শিষ্যের যেমন সম্পর্ক, শিক্ষকের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

ছাত্রের।

ছাত্রের সঙ্গে যেমন শিক্ষকের সম্পর্ক, রোগীর সঙ্গে তেমন কার সম্পর্ক ?

ডাক্তারের।

বরফের সঙ্গে যেমন জলের সম্পর্ক, পাহাড়ের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

পাথরের ।

মাথার সঙ্গে যেমন টুপীর সম্পর্ক, পায়ের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

জুতোর ।

গ্রীষ্মের সঙ্গে যেমন বৈশাখের সম্পর্ক, বসন্তের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

ফাল্গুন মাসের ।

১। মিথ্যার সঙ্গে সত্যের যে সম্পর্ক, পাপের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

২। শিষ্যের সঙ্গে গুরুর যেমন সম্পর্ক, ছাত্রের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

৩। কৃষকের সঙ্গে যেমন লাঙ্গলের সম্পর্ক, জেলের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

৪। শিয়ালের সঙ্গে যেমন মোরগের সম্পর্ক, পুলিশের সঙ্গে তেমন কার সম্পর্ক ?

কলকাতার কথা

কত সালের কোন্ তারিখে কলিকাতা মহানগরীর প্রতিষ্ঠা হয় ?

১৬৯০ সালের ২৪শে আগস্ট ।

কোন্ কোন্ গ্রাম নিয়ে কলিকাতা নগরী প্রতিষ্ঠিত হয়েছিল ?

কলিকাতা, সুতানুটি, গোবিন্দপুর ।

কে কলিকাতা নগরী পত্তন করেন ?

জবচার্নক সাহেব । ১৬৯০ খ্রীষ্টাব্দে ।

কলকাতার বিখ্যাত স্মৃতি সৌধটির নাম কি ?

ভিক্টোরিয়া মেমোরিয়াল হল ।

হাওড়া ব্রীজ কবে চালু হয়েছিল ?

১৯৪১ সালে চালু হয়েছিল ।

শহীদমিনারের উচ্চতা কত ?

প্রায় ১৬৫ ফুট ।

কলকাতার বিখ্যাত ভ্রমণ উদ্যানের নাম কি ?

ইডেন গার্ডেন। এখানে বিখ্যাত ক্রিকেট স্টেডিয়াম আছে।

ট্রামগাড়ী একমাত্র কোথায় চলে ?

ট্রামগাড়ী একমাত্র কলিকাতায় চলে।

পাতাল রেল কোথায় চলে ?

পাতাল রেল একমাত্র কলকাতায় চলে। মাটির নীচে সুরঙ্গ পথে এই রেল চলাচল করে।

কলকাতার প্রথম হাসপাতাল কোনটি ?

ক্যাম্পবেল হাসপাতাল, বর্তমানে এর নাম নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতাল (১৭৮৯)।

কলকাতার সর্বশ্রেষ্ঠ ব্যবসা কেন্দ্র কোথায় ?

বড় বাজারে।

কলকাতা কর্পোরেশনের প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

সুরেন্দ্রনাথ বন্দোপাধ্যায়।

কলকাতা কর্পোরেশনের প্রধান ব্যক্তিকে কি বলে ?

মেয়র বলে।

কলকাতা বিশ্ববিদ্যালয় কবে স্থাপিত হয় ?

১৮৫৭ খ্রীষ্টাব্দে ২৭শে জানুয়ারী।

কলকাতার সর্বোচ্চ ভবন কোনটি ?

সর্বোচ্চ বাড়ী—"চ্যাটার্জী ইনটার ন্যাশনাল।"

কলকাতায় দেখবার জিনিস কি কি আছে ?

টালার ট্যাঙ্ক, ইডেন গার্ডেন, বালীগঞ্জ লেক, শহীদ মিনার, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, গড়ের মাঠ, চৌরঙ্গী, বি. বা. ডি. বাগ, রাইটার্স বিল্ডিং, হাইকোর্ট, কলিকাতা বিশ্ববিদ্যালয়,

শিয়ালদহ রেল স্টেশন, শিয়ালদহ ফ্লাইওভার ব্রীজ, হাওড়া ব্রীজ, হাওড়া স্টেশন, পরেশনাথের মন্দির, নাখোদা মসজিদ, সেন্ট পল্‌স্‌ গীর্জা, ইণ্ডিয়ান মিউজিয়াম, চিড়িয়াখানা।

১। কলকাতার আরও তিনটি হাসপাতালের নাম লেখ ? ______________________

____

২। পাতাল রেল কোথায় চলে ? ______________________

____

৩। কোন্ তিনটি গ্রাম নিয়ে কলকাতা প্রতিষ্ঠিত হয় ? ______________________

____

৪। জবচার্নক কে ছিলেন ? তিনি কি করেছিলেন ? ______________________

____

৫। বিখ্যাত ব্যবসা কেন্দ্র বড় বাজার কোথায় অবস্থিত ? ______________________

____

পশ্চিমবঙ্গের কোন্ জেলায় লোক সংখ্যা সবচেয়ে বেশী ?

২৪পরগণা জেলায়।

পশ্চিমবঙ্গের কোন জেলায় লোক সংখ্যা সবচেয়ে কম ?

দার্জিলিং জেলায়।

পশ্চিমবঙ্গের শতকরা কত জন লোক গ্রামে বাস করে ?

৮০ জন।

পশ্চিমবঙ্গে মোট কয়টি জেলা আছে ?

১৭টি জেলা আছে।

পশ্চিমবঙ্গের শিক্ষিতের হার কত ?

শতকরা ৩৩·২০ জন।

বাংলা ভাষায় সর্বপ্রথম সংবাদ পত্র কি ?

সমাচার দর্পন।

পশ্চিমবঙ্গের সবচেয়ে উচুবাড়ী কোনটি ?

চ্যাটার্জী এন্টারপ্রাইজ।

পশ্চিমবঙ্গের বড় রেলস্টেশন কোনটি ?

হাওড়া।

পশ্চিমবঙ্গের সর্বাপেক্ষা ব্যস্ত রেল স্টেশন কোনটি ?

শিয়ালদহ।

পশ্চিমবঙ্গের সবচেয়ে লম্বা রেল স্টেশন কোনটি ?

খড়্গপুর।

পশ্চিমবঙ্গের সবচেয়ে শিক্ষিত জেলা কোনটি ?

কলিকাতা।

পশ্চিমবঙ্গের প্রধান নদী কোনটি ?

ভাগীরথী (গঙ্গা)।

পশ্চিমবঙ্গের কোথায় কোথায় পাহাড় আছে ?

দার্জিলিং, পুরুলিয়া, বাঁকুড়া জেলায়।

পশ্চিমবঙ্গের কোথায় কাগজের কল আছে ?

টিটাগড়, শ্রীরামপুর, রাণীগঞ্জ, নৈহাটী, কাঁকিনাড়া।

পশ্চিমবঙ্গের কোথায় মটরগাড়ী তৈরীর কারখানা আছে ?

কোন্নগরের কাছে হিন্দ্ মোটর।

পশ্চিমবঙ্গের কোন জায়গা পোড়ামাটির শিল্পের জন্য বিখ্যাত ?

বিষ্ণুপুর।

পশ্চিমবঙ্গের কোথায় জাহাজ মেরামতের কারখানা আছে?

খিদিরপুরে।

পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জায়গা তাঁতের কাপড়ের জন্য বিখ্যাত?

শান্তিপুর, ধনেখালি।

পশ্চিমবঙ্গের কোন্ জায়গা মাটির পুতুলের জন্য বিখ্যাত?

কৃষ্ণনগর।

পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় এবং গভীর বনের নাম কি?

সুন্দরবন।

পশ্চিমবঙ্গের কোন্ শহরে সবচেয়ে বেশী ঠাণ্ডা পড়ে?

দার্জিলিং শহরে।

পশ্চিমবঙ্গের কোন্ জায়গার চা পৃথিবী বিখ্যাত?

দার্জিলিং-এর চা।

পশ্চিমবঙ্গের প্রধান প্রধান রাস্তা গুলির নাম কি?

গ্র্যাণ্ড ট্র্যাঙ্ক রোড, ব্যারাকপুর ট্যাঙ্ক রোড, যশোর রোড, রানীগঞ্জ রোড, কণ্টাই রোড, হলদিয়া রোড।

পশ্চিমবঙ্গের কোথায় বেশী আনারস জন্মায় ?

জলপাইগুড়ি জেলায়।

পশ্চিমবঙ্গের কোথায় বেশী আম জন্মায় ?

মালদহ জেলায়।

পশ্চিমবঙ্গের কে 'ভারতরত্ন' উপাধি পেয়েছেন ?

ডাঃ বিধানচন্দ্র রায়।

পশ্চিমবঙ্গের কোথায় 'রয়েলবেঙ্গল টাইগার' দেখা যায় ?

সুন্দরবনের গভীর জঙ্গলে।

পশ্চিমবঙ্গের মহানগরী কটি ও কি কি ?

দুটি। কলিকাতা ও হাওড়া।

পশ্চিমবঙ্গের কোথায় উষ্ণপ্রস্রবণ আছে ?

বীরভূম জেলার বক্রেশ্বরে।

পশ্চিমবঙ্গের কোথায় জলপ্রপাত আছে ?

দার্জিলিং জেলার পাগলা ঝোরায়।

পশ্চিমবঙ্গের কোথায় কোথায় কয়লাখনি আছে ?

বর্ধমান জেলার রাণীগঞ্জ ও আসানসোলে।

১। পশ্চিমবঙ্গের তিনটি বিখ্যাত জায়গার নাম লেখ ?

২। কৃষ্ণনগর কিসের জন্য বিখ্যাত ?

৩। রাণীগঞ্জ আসানসোল পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত ?

৪। আম এবং আনারস কোথায় বেশী পরিমাণ জন্মায় ?

৫। পশ্চিমবঙ্গের কোন্ জায়গার চা পৃথিবী বিখ্যাত ?

৬। পশ্চিমঙ্গের কোন্ বাঙালী মহাপুরুষকে 'ভারতরত্ন' উপাধি দেওয়া হয়েছে ?

৭। সঠিক উত্তরটির তলায় দাগ দাও ঃ

(ক) কোন্ শহরে সবচেয়ে বেশী ঠাণ্ডা পড়ে ? (কলিকাতা, দার্জিলিং, শান্তিপুর)

(খ) কোন্ জায়গায় চা জন্মায় ? (বর্ধমান, দার্জিলিং, মালদহ)

(গ) কোথাকার তাঁতের কাপড় বিখ্যাত ? (শান্তিপুর বিষ্ণুপুর, আলিপুর)

আমরা কোন্ দেশে বাস করি ?

আমরা ভারতবর্ষে বাস করি।

আমাদের এই দেশের নাম ভারতবর্ষ হলো কেন ?

প্রাচীন কালে ভরত নামে এক রাজা ছিলেন। তাঁর নাম অনুসারে এদেশের নাম ভারতবর্ষ হয়েছে।

ভারতের অধিবাসীদের কি বলা হয়।

ভারতীয়।

ভারতবর্ষের রাজধানী কোথায় ?

নয়া দীল্লীতে।

ভারতের সবচেয়ে বড় নদীর নাম কি ?

গঙ্গা।

ভারতের সবচেয়ে সুন্দর সমাধি মন্দির কোনটি ?

আগ্রার তাজমহল।

ভারতের লোকসংখ্যা কত ?

৬৯ কোটির মত।

ভারতের রাষ্ট্র ভাষা কি ?

হিন্দী।

ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ?

ডাঃ রাজেন্দ্র প্রসাদ।

রাজেন্দ্রপ্রসাদ

জওহরলাল নেহরু

ভারতের প্রথম প্রধান মন্ত্রীর নাম কি ?

জওহরলাল নেহরু।

ভারত কবে স্বাধীন হয় ?

১৯৪৭ সালের ১৫ আগস্ট ভারত স্বাধীন হয়।

ভারতবর্ষ কতদিন ইংরেজদের অধীনে ছিল ?

প্রায় দুশো বছর।

ভারতের মরুভুমির নাম কি এবং কোথায় অবস্থিত ?

ভারতের মরুভূমির নাম 'থর মরুভূমি', রাজস্থানে অবস্থিত।

ভারতের কোথায় প্রথম বৈদ্যুতিক রেল চালু হয় ?

বোম্বাই-এ প্রথম বৈদ্যুতিক রেল চালু হয়।

ভারতের সবচেয়ে বড় রাস্তার নাম কি ?

গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড।

ভারতের সেরা বিশ্ববিদ্যালয়ের নাম কি ?

কলিকাতা বিশ্ববিদ্যালয়।

ভারতের সবচেয়ে বড় জলের ট্যাঙ্কের নাম কি ?

কলকাতার টালা ট্যাঙ্ক ।

ভারতের সবচেয়ে বড় যাদুঘরের নাম কি এবং কোথায় অবস্থিত ?

ইণ্ডিয়ান মিউজিয়াম (যাদুঘর) । কলকাতায় অবস্থিত ।

নিজের বুদ্ধিতে কর

১। ভারতের বর্তমান রাষ্ট্রপতির নাম কি ? ______________________

২। ভারতের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কি ? ______________________

৩। ভারতের স্বাধীনতা আন্দোলনের প্রধান নেতা কে ছিলেন ? ______________

৪। প্রথম শহীদের নাম কি ? ______________________________

৫। কোন্ যুদ্ধে ভারত স্বাধীনতা হারিয়েছিল ? ______________________

গ্যাস বেলুন আকাশে উড়ে কেন ?

বাতাসের ওপর দিকের চাপ গ্যাস ভর্তি বেলুনের চাপের চেয়ে কম বলে।

থার্মোমিটার কি ?

দেহের উত্তাপ পরীক্ষা করার এক ধরণের যন্ত্র বিশেষ।

লিফ্‌ট কি ?

বৈদ্যুতিক প্রবাহে পরিচালিত এই যন্ত্রের সাহায্যে বড় বড় উঁচু বাড়ীতে অতি সহজে ওঠা নামা করা যায়।

বরফ জলে ভাসে কেন ?

জলের থেকে বরফ হালকা বলে বরফ জলে ভাসে।

বিদ্যুৎ চমকায় কেন ?

ভাসমান মেঘে মেঘে ঘর্ষণ হলে বিদ্যুৎ চমকায়।

মেঘ ডাকা কাকে বলে ?

মেঘে মেঘে ঘর্ষণ হলে যে শব্দ হয়, সেই শব্দকে মেঘ ডাকা বলে।

সর্বপেক্ষা মূল্যবান পদার্থ কি ?

রেডিয়াম।

কম্পাস কি ?

দিক নির্ণয় করার যন্ত্রের নাম।

স্টেথোস্কোপ কি ?

ডাক্তারেরা এই নল যুক্ত যন্ত্রের সাহায্যে ফুসফুস, হৃদপিণ্ড ইত্যাদির ক্রিয়া পরীক্ষা করে।

টেলিফোন কি ?

বৈদ্যুতিক তারের সাহায্যে বহু দূরবর্তী লোকের সঙ্গে কথাবার্তা বলার যন্ত্র।

অণুবীক্ষণ-যন্ত্র (মাইক্রোস্কোপ) কি ?

এই যন্ত্র দিয়ে ক্ষুদ্র জিনিসকে বড় দেখায়।

দূরবীক্ষণ যন্ত্র কি ?

এই যন্ত্রের দ্বারা দূরের জিনিস অতি স্পষ্ট কাছে দেখা যায়।

রক্তের রং লাল কেন ?

রক্তের মধ্যে লাল ও সাদা দুই রকমের ছোট ছোট কণা আছে। লাল রং-এর কণাগুলি সংখ্যায় অনেক বেশী বলে রক্ত লাল দেখায়।

নিজের বুদ্ধিতে কর

১। রেডিয়াম কি ?

২। আমরা কি দিয়ে শরীরের তাপ পরীক্ষা করি ?

৩। কখন বিদ্যুৎ চমকায় ?

৪। রক্তের রং সাদা না হয়ে লাল হলো কেন ?

ভারতের জাতীয় খেলা কি ?

কাবাডি বা হা-ডু-ডু।

সবচেয়ে পুরাতন বল খেলা কি ?

হ্যাণ্ডবল।

কলকাতায় ফুটবল খেলা কখন প্রথম হয় ?

১৮৬৮ সালে ইটোনিয়ান্স এণ্ড দি রেস্ট। এই দুই দলে প্রথম বল খেলা হয়।

আই. এফ. এ-র পুরো নাম কি ?

ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন (পশ্চিমবঙ্গ)।

কোন ভারতীয় দল প্রথম আই. এফ. এ. শীল্ড পায় ?

মোহনবাগান ক্লাব। ১৯১১ সালে।

ভারতের ফুটবল খেলা কোন প্রতিষ্ঠানের দ্বারা পরিচালিত হয় ?

অল ইণ্ডিয়া ফুটবল ফেডারেশনের দ্বারা।

ক্রিকেট খেলার জন্ম কোথায় হয় ?

ইংলণ্ডে।

ভলিবল খেলা প্রথম শুরু হয় কোথায় ?

আমেরিকায়।

ব্যাডমিণ্টন খেলা প্রথম কোথায় শুরু হয় ?

ইংলণ্ডে।

এশিয়ান গেমস প্রথম কোথায় অনুষ্ঠিত হয়েছিল ?

দিল্লীতে। (খরচ হয়েছিল ৬ লক্ষ টাকা।)

এশিয়ার বৃহত্তম স্টেডিয়াম কোনটি ?

যুবভারতী ক্রিড়াপ্রাঙ্গন (সল্টলেক স্টেডিয়াম। পশ্চিমবঙ্গ)।

কোন্ খেলাকে দর্শকদের ধৈর্য্য পরীক্ষার খেলা বলা হয় ?

ক্রিকেট খেলাকে।

কয়টি বলে এক ওভার হয় ?

৬টি বলে এক ওভার হয়।

টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ রান কে করেন ?

ভারতের সুনীল গাভাসকার।

পৃথিবী বিখ্যাত হকি খেলোয়াড় কে ?

ধ্যানচাঁদ।

অলিম্পিক খেলা কি ?

পৃথিবীর আন্তর্জাতিক খেলাধূলার শ্রেষ্ঠ প্রতিযোগিতা।

ভারতের খেলাধুলায় সর্ব্বোচ্চ পুরস্কার কি ?

অর্জুন পুরস্কার।

পশ্চিমবঙ্গের কোন কিশোর দাবা খেলায় বিশ্ববিখ্যাত হয় ?
দিব্যেন্দু বড়ুয়া ।

নিজের বুদ্ধিতে কর

১। তুমি কোন্ খেলা বেশী পছন্দ কর ? ______________________

২। কলকাতার তিনটি বিখ্যাত ফুটবল ক্লাবের নাম কর ? ______________________

____

____

৩। ফুটবল খেলায় সাধারণতঃ কতজন করে খেলোয়াড় থাকে ? ______________________

____

৪। ফুটবল খেলা যে পরিচালনা করে, তাকে কি বলে ? ______________________

রঞ্জন প্রকাশনের

ছোটদের বই মানেই
মনের জানলা দিয়ে
এক ঝলক খুশির বাতাস
সে বাতাস ছোটদের মন মাতিয়ে
ছুঁয়ে যায় বড়দেরও।
রূপকথা, অ্যাড্‌ভেনচার, জীবনী,
শিকার-কাহিনী, জ্ঞান-বিজ্ঞান,
ভূতের গল্প, হাসির গল্প, খেলা,
ক্যুইজ, ক্লাসিকস, ছড়া,
সব কিছুই ছড়িয়ে আছে
এই স্বপ্নে ভরা বইয়ের মেলায়।
আর সে বইয়ের পাতায় পাতায়
মন ভরানো রঙীন ছবির আলপনা,
হাতে নিলেই খুশির রঙে
মন রঙীন হয়ে ওঠে॥